

মাননীয় প্রধানমন্ত্রী, নৌবাহিনী প্রধান এবং বিমান বাহিনী প্রধানের সাথে ইউএস প্যাসিফিক কমান্ডের কমান্ডার এর সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশ সফররত কমান্ডার ইউএস প্যাসিফিক কমান্ড এডমিরাল হ্যারি বি. হ্যারিস, জুনিয়র (Admiral Harry B. Harris, Junior) রবিবার (০৯-৭-২০১৭) ঢাকা সেনানিবাসস্থ সশস্ত্র বাহিনী বিভাগে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাতকালে তাঁরা পারস্পরিক কুশলাদি বিনিময় ছাড়াও দু'দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন।

এর আগে, আজ সকালে বনানীস্থ নৌসদর দপ্তরে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ এর সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এসময় নৌসদরের পিএসওগণ, ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্র দূতাবাসের ডিফেন্স এ্যাটাশে, উক্ত প্রতিনিধি দলের উর্ধ্বতন কর্মকর্তাসহ নৌসদরের পদস্থ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



কমান্ডার ইউএস প্যাসিফিক কমান্ড এডমিরাল হ্যারি বি. হ্যারিস, জুনিয়র রবিবার (০৯-৭-২০১৭) ঢাকার বনানীস্থ নৌবাহিনী সদরদপ্তরে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। ছবি : আইএসপিআর।
US Pacific Commander Admiral Harry B. Harris, Junior called on Chief of Naval Staff Admiral Nizamuddin Ahmed at Naval Headquarters at Banani on Sunday (09-7-2017).
Photo : ISPR

সাক্ষাৎকালে তিনি নৌপ্রধানের সাথে কিছু সময় অতিবাহিত করেন এবং পারস্পরিক কুশল বিনিময় ও বিভিন্ন বিষয়ে মত বিনিময় করেন। এসময় তারা দুই দেশের সামরিক সদস্যদের প্রশিক্ষণ ও পেশাগত দক্ষতা উন্নয়নে পারস্পরিক সহযোগিতা অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেন এবং দু'দেশের মধ্যকার বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও এগিয়ে নেয়ার বিষয়ে আলোচনা করেন।

এছাড়াও, যুক্তরাষ্ট্রের প্যাসিফিক কমান্ডের কমান্ডার এ্যাডমিরাল হ্যারি বি. হ্যারিস জুনিয়র এর নেতৃত্বে একটি প্রতিনিধি দল বিমান বাহিনী সদর দপ্তরে বাংলাদেশ বিমান বাহিনী প্রধান এয়ার চীফ মার্শাল আবু এসরার এর সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। তারা কুশল বিনিময় ও দ্বিপাক্ষিক বিষয়ে মতবিনিময় করেন। তার এই সফর দুই দেশের মধ্যকার বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।